



## ইরানের ওপর দীর্ঘমেয়াদি অবরোধে জোর দিচ্ছেন ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ইরানকে ঘিরে যুক্তরাষ্ট্রের কৌশলে নতুন বার্তা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সামরিক পদক্ষেপের বদলে দীর্ঘমেয়াদি অর্থনৈতিক চাপ বজায় রাখার দিকেই ঝুঁকছে ওয়াশিংটন, এবং এ বিষয়ে মিত্রদেরও প্রস্তুত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, ইরানের তেল রপ্তানি ও বাণিজ্যে বাধা তৈরি করতে নতুন উদ্যোগ বিবেচনায় রয়েছে। বিশেষ করে দেশটির বন্দরে যাতায়াতকারী জাহাজ চলাচল নিয়ন্ত্রণের মাধ্যমে অবরোধ আরও জোরদার করার পরিকল্পনা করা হচ্ছে।

এর আগে ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ অভিযানের পর উত্তেজনা বেড়ে যায়। জবাবে ইরান অঞ্চলজুড়ে যুক্তরাষ্ট্রের সংশ্লিষ্ট লক্ষ্যবস্তুতে হামলা চালায়, যার প্রভাব পড়ে উপসাগরীয় দেশগুলোতেও।

পরে পাকিস্তানের মধ্যস্থতায় যুদ্ধবিরতি হলেও আলোচনায় অগ্রগতি হয়নি। সর্বশেষ প্রস্তাবে হরমুজ প্রণালি খোলার কথা থাকলেও পারমাণবিক ইস্যু স্থগিত রাখার কারণে তা প্রত্যাখ্যানের ইঙ্গিত দিয়েছেন ট্রাম্প।